# পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ ওয়ার্কমেন্স ইউনিয়ন

রেজি নং ঃ ৭৯৪৪ ● সিআইটিইউ অনুমোদিত

## সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন কমিটি

৫৩ আচার্য জগদীশ চন্দ্র বসু রোড, কলিকাতা-৭০০০১৬
ফোন/ফ্যাক্স-০৩৩-২২২৯, ৩৪১৫ (২টা-৭টা), ই-মেল-*wbsewmu@yahoo.com*

পূর্বতন বিদ্যুৎ পর্ষদে বিভিন্ন মতাবলম্বী কর্মীদের নিয়ে একটিই কর্মী সংগঠন ছিল পঃ বঃ রাজ্য বিদ্যুৎ পর্ষদ ওয়ার্কার্স ইউনিয়ন। সেই সময় বিদ্যুৎ কর্মীদের উপর চলছিল নিদারুণ শোষণবঞ্চনা এবং কর্তৃপক্ষ ও তৎকালীন কংগ্রেস পরিচালিত রাজ্য সরকারের অত্যাচার।

এই ইউনিয়নের নেতৃত্বের একটা অংশ ছয়ের দশকের প্রথম থেকে কর্মীদের দাবি নিয়ে আন্দোলন না করে তৎকালীন কংগ্রেস সরকারের সাথে আপোষ করে চলার পথ গ্রহণ করে। সমঝোতার পথ গ্রহণ করায় ইউনিয়নের মধ্যে শুরু হয় মতাদর্শগত সংগ্রাম।

১৯৬২ সালে চীন ভারত সীমান্ত সংঘর্ষকে কেন্দ্র করে মতাদর্শগত বিরোধ আরো তীব্র হয়। এক দিকে এক অংশের সমঝোতা, অপর দিকে সংশোধনবাদ ও অতি বাম হঠকারীদের বিরুদ্ধে লড়াই চালাতে চালাতে বিদ্যুৎ কর্মীদের সঠিক মতাদর্শে পরিচালনার স্বার্থে ১৯৬৭ সালের ২রা সেপ্টেম্বর এক মহতী কনভেনশনের থেকে গঠন হয় "যুক্ত সংগ্রাম পরিষদ"।

১৯৬৮ সালের ৮ই জুন যুক্ত সংগ্রাম পরিষদের বিশেষ সম্মেলন থেকে আনুষ্ঠানিকভাবে "পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ ওয়ার্কমেন্স ইউনিয়ন" গঠিত হয়। অধুনা "পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ ওয়ার্কমেন্স ইউনিয়ন" (২০০৮ সালের সম্মেলন থেকে নাম পরিবর্তন হয়) কেন্দ্রীয় সরকারের বিদুৎ আইন ২০০৩ কার্যকরী করার জন্য পর্ষদের অবলুপ্তি ঘটে।

১৯৭১-৭৭ পর্যন্ত কংগ্রেসী শাসনের সময় কর্মচারীদের দাবি দাওয়ার আন্দোলনকে স্তব্ধ করতে নেতৃত্বের উপর নেমে আসে দূরদূরান্তে বদলী, দৈহিক আক্রমণ এমন কী খুন পর্যন্ত করা হয়েছে। বহু সাধারণ সদস্যরা ইউনিয়নের পতাকা উর্দ্ধে তুলে ধরে ছিলেন তীব্র আক্রমণের মধ্যেও।

বামফ্রন্ট সরকার ১৯৭৭ সালে ১০/১২ ঘন্টা তীব্র লোডশেডিং মাথায় নিয়ে সরকার গঠন করেন। বিদ্যুৎ পরিষেবার উন্নতি ঘটাতে ইউনিয়ন উল্লেখযোগ্য ভূমিকা পালন করেছিল। পাঁচবার বেতন কাঠামো পুনর্বিন্যাসের মধ্য দিয়ে কর্মীদের বেতন উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছিল। ১৯৫৫-৭৭ একবারও বেতন কাঠামোর পুনর্বিন্যাস হয়নি।

আজ এক কঠিন সময়ের মধ্য দিয়ে দেশের বামপন্থী ও গণতান্ত্রিক শক্তিকে চলতে হচ্ছে। সাম্রাজ্যবাদীদের প্রত্যক্ষ মদতে প্রতি মুহূর্তে আক্রান্ত হচ্ছে শ্রেণী সংগ্রামের আদর্শ। নস্যাৎ করা হচ্ছে শ্রমিক শ্রেণীর দর্শন। বামপন্থী ও গণতান্ত্রিক শক্তির বিরুদ্ধে চলছে অবিরত মিথ্যা প্রচার ও কুৎসা। বামপন্থাকে নিশ্চিহ্ন করার লক্ষ্যে প্রতিদিন খুন করা হচ্ছে বামপন্থী কর্মীদের। ইউনিয়নের নেতৃত্ব, সংগঠক ও সাধারণ সদস্যদের অনৈতিকভাবে দূরদূরান্তে বদলী, ভয়ভীতি, আক্রমণ নিত্যদিনের ঘটনা। এই অসহনীয় অবস্থার পরিবর্তন ঘটিয়ে পরিস্থিতি অনুকূলে আনার জন্য ইউনিয়ন প্রতিনিয়ত কর্মচারীর স্বার্থে কাজ করে চলেছে। ইউনিয়নের ৫০ বছরে পদার্পণ উপলক্ষে বর্ষব্যাপী অনুষ্ঠিত হবে নিম্নে উল্লেখিত কর্মসূচী। সকলকে জানাই সাদর আমন্ত্রণ।

আহ্বায়ক

**সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন কমিটি**

## ক্রীড়া প্রতিযোগিতার বিষয় ও বিভাগ নিম্নে দেওয়া হল।

| বিভাগ | বয়স | পুরুষ | মহিলা |
|---|---|---|---|
| "ক" | ৫ বছর পর্যন্ত | ২৫ মিটার দৌড়<br>বিস্কুট রেস | এই বিভাগে বালক বালিকার বিভাজন থাকবে না |
| "খ" | ৫+–১০ বছর | ৫০ মিটার দৌড়<br>বিস্কুট রেস | ৫০ মিটার দৌড়<br>বিস্কুট রেস |
| "গ" | ১০+–১৪ বছর | ১০০ মিটার দৌড়<br>স্মৃতি শক্তি পরীক্ষা | ১০০ মিটার দৌড়<br>স্মৃতি শক্তি পরীক্ষা |
| "ঘ" | ১৪+–১৮ বছর | ১০০ মিটার দৌড়<br>থ্রোয়িং দি ক্রিকেট বল | ১০০ মিটার দৌড়<br>চামচ-গুলির ব্যালেন্স |
| "ঙ" | ১৮+–৩০ বছর | ১০০ মিটার দৌড়<br>কিক ইন ফুটবল | ১০০ মিটার দৌড়<br>মিউজিক্যাল চেয়ার |
| "চ" | ৩০-র উপরে | হিটিং দি উইকেট<br>১০০ মিটার দৌড় | মিউজিক্যাল চেয়ার<br>হাঁড়ি ভাঙা |
| "ছ" | অবসরপ্রাপ্ত | ১০০ মিটার হাঁটা<br>হিটিং দি উইকেট | হাঁড়ি ভাঙা<br>মিউজিক্যাল চেয়ার |
| "জ" | সর্বসাধারণ | যেমন খুশি সাজো। | (কেবলমাত্র এই বিভাগের প্রতিযোগীরা সরাসরি রাজ্যস্তরের প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবেন) |

জোন স্তরে সাংস্কৃতিক প্রতিযোগিতা—

গ্রুপ-ক) ১০ বছর পর্যন্ত। খ) ১০+–১৮ বছর পর্যন্ত। গ) ১৮+– উর্দ্ধে।

**ক, খ, গ বিভাগের প্রতিযোগিতা**

গান—রবীন্দ্র সংগীত/নজরুল গীতি।

নাচ—রবীন্দ্র নৃত্য।

অঙ্কন—বিষয় বস্তু ও আঁকার মাধ্যম পরে জানানো হবে।

সর্বসাধারণের জন্য—ক্যুইজ

ক বিভাগ-আবৃত্তি-রবীন্দ্রনাথ ঠাকুর।

খ বিভাগ-আবৃত্তি-সুকান্ত ভট্টাচার্য।

গ বিভাগ-আবৃত্তি-নজরুল।

আবৃত্তির সময় ৫ মিনিট।

প্রতিযোগীদের নাম দেওয়ার শেষ তারিখ-৩১শে মার্চ, ২০১৭।

প্রতিযোগিতা হবে এপ্রিল-মে, ২০১৭ সালে। তারিখ পরে জানানো হবে।

**রাজ্য ভিত্তিক প্রতিযোগিতা, সর্বসাধারণের জন্য।**

নাটক একাঙ্ক ও হাস্যকৌতুক মঞ্চস্থ হবে মে মাসে, স্থান-ব্যান্ডেল পাওয়ার প্ল্যান্ট। নিয়মাবলী পরে জানানো হবে।

ফটোগ্রাফি, পোস্টার ডিজাইন-সাধারণ/ডিজিটাল। তাৎক্ষণিক বক্তৃতা। বিতর্ক। নির্বাচিত অংশ পাঠ।

প্রতিযোগিতার স্থান পরে জানানো হবে।

রাজ্য ভিত্তিক অনুষ্ঠানে অংশগ্রহণকারী প্রতিযোগীদের নাম রাজ্যে পাঠানোর শেষ তারিখ-৩০ শে এপ্রিল ২০১৭।

প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে মে, ২০১৭ সালে।

# নিয়মাবলী

পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ ওয়ার্কমেন্স ইউনিয়নের সুবর্ণ জয়ন্তী বর্ষ উপলক্ষে আয়োজিত ক্রীড়া প্রতিযোগিতার নিয়মাবলি ঃ

১) প্রতিযোগীকে অবশ্যই পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ বন্টন কোম্পানি, পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ সংবহন কোম্পানি বা পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ উন্নয়ন নিগমের প্রত্যক্ষ বা পরোক্ষ কর্মী, অবসরপ্রাপ্ত কর্মী, কর্মীর স্বামী/স্ত্রী, পুত্র বা কন্যা হতে হবে।

২) কোনো একজন প্রতিযোগী একাধিক বিভাগে নাম দিতে পারবেন না।

৩) জোন স্তরের প্রতিযোগিতায় ১ম, ২য় ও ৩য় স্থানাধিকারী রাজ্য স্তরে প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবেন।

৪) কোনো বিভাগে ৫ জনের কম প্রতিযোগী হলে সেই বিভাগের প্রতিযোগিতায় ১ম ও ২য় স্থানাধিকারী রাজ্যস্তরের প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবেন।

৫) প্রতিযোগিতায় ১ম, ২য় ও ৩য় স্থানাধিকারীকে পুরস্কৃত করা হবে।

৬) প্রতিযোগিতায় বিচারকের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য করা হবে।

৭) প্রয়োজনে বয়সের প্রমাণপত্র দাখিল করতে হবে।

৮) সর্বসাধারণ বিভাগের প্রতিযোগিতায় সরাসরি রাজ্যস্তরে অংশগ্রহণ করা যাবে। অন্যান্য বিভাগে জেলা/জোন বা বিভাগের ১ম, ২য় ও ৩য় স্থানাধিকারী রাজ্যস্তরে প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবেন।

৯) প্রতিযোগিতা শুরুর ১ ঘণ্টা পূর্বে প্রতিযোগীকে উপস্থিত হতে হবে।

# পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ ওয়ার্কমেন্স ইউনিয়ন

## সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন কমিটি

৫৩ আচার্য জগদীশ চন্দ্র বসু রোড, কলিকাতা-৭০০০১৬
ফোন/ফ্যাক্স-০৩৩-২২২৯, ৩৪১৫ (২টা-৭টা), ই-মেল-*wbsewmu@yahoo.com*

### প্রতিযোগিতায় অংশগ্রহণের আবেদনপত্র

মাননীয় আহ্বায়ক,
পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ ওয়ার্কমেন্স ইউনিয়ন,
সুবর্ণ জয়ন্তী বর্ষ উদ্‌যাপন কমিটি
..........................................জোন

প্রিয় সাথী,

আমি শ্রী / শ্রীমতী.........................................................বন্টন / সংবহন কোম্পানি / বিদ্যুৎ উন্নয়ন নিগমের প্রত্যক্ষ / পরোক্ষ কর্মী হিসাবে কর্মরত / কর্মরত ছিলাম।

আমি / আমার স্ত্রী / স্বামী / পুত্র / কন্যা.................................................পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ ওয়ার্কমেন্স ইউনিয়ন সুবর্ণজয়ন্তী বর্ষ উদ্‌যাপন কমিটি আয়োজিত ক্রীড়া প্রতিযোগিতায়.........................বিভাগে (১)..........................(২)...................বিষয়ে প্রতিযোগী হিসাবে অংশগ্রহণ করতে আগ্রহী। প্রতিযোগী হিসাবে নামটি অন্তর্ভূক্ত করার জন্য অনুরোধ করছি।

ধন্যবাদান্তে ঃ

স্বাক্ষর ঃ

নাম ঃ

কর্মস্থল ঃ

জেলা/বিভাগ ঃ

ফোন নম্বর ঃ

---

পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ ওয়ার্কমেন্স ইউনিয়ন (সিআইটিইউ)-র সুবর্ণ জয়ন্তী উদ্‌যাপন কমিটির পক্ষে দীপক রায়চৌধুরী কর্তৃক প্রকাশিত এবং সত্যযুগ এমপ্লয়িজ কো-অপারেটিভ ইন্ডাস্ট্রিয়াল সোসাইটি লিমিটেড, ১৩ প্রফুল্ল সরকার স্ট্রিট, কলকাতা-৭০০০৭২ থেকে মুদ্রিত। ফোন ঃ ২২১২-৭৩৩৫/৬৫০০/৬৩৮৯